গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
পরিকল্পনা-২ শাখা
www.ictd.gov.bd

স্মারক নম্বর: ৫৬.০০.০০০০.০০০.০৪৪.১৪.০২৪৯.২১.৮০

তারিখ: ২২ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ / ০৬ সেপ্টেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: **সরকারের নিজস্ব ভিডিও কনফারেন্সিং প্লাটফর্মের মাধ্যমে মাননীয় প্রধানমন্ত্রীর ভার্চুয়াল অনুষ্ঠানসমূহে সংযুক্তি/সরাসরি সম্প্রচার এর বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।**

সূত্র: বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) এর স্মারক নং- ৫৬.০১.০০০০.০০০.০৪৭.১৮.০০০১.২২.১৮; তারিখ: ০২ সেপ্টেম্বর ২০২৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) কর্তৃক বাস্তবায়নাধীন **"সরকারের ভিডিও কনফারেন্সিং প্লাটফর্ম শক্তিশালীকরণ (২য় সংশোধিত)"** শীর্ষক প্রকল্পের মাধ্যমে মহামান্য রাষ্ট্রপতির কার্যালয়, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়, মন্ত্রিপরিষদ বিভাগসহ দেশের বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ, বিভাগীয় কমিশনারের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয় এবং উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়ে সিকিউরড নেটওয়ার্ক (ইন্ট্রানেট/ইন্টারনেট)-এর মাধ্যমে দেশীয় ও আন্তর্জাতিক ভিডিও কনফারেন্সিং সেবা প্রদান করা হচ্ছে।

০২। উক্ত ভিডিও কনফারেন্সিং প্লাটফর্মে **WebRTC/Apps**-এর সুবিধাসহ অনুষ্ঠানসমূহ সরাসরি **Facebook** ও **YouTube**-এ সম্প্রচারের (Live Streaming) ব্যবস্থা রয়েছে। এ প্লাটফর্মটি সরকারি ব্যবস্থাপনায় পরিচালিত হওয়ায় এটি সরকারের জন্য **ব্যয় সাশ্রয়ী, নিরাপদ ও নির্ভরযোগ্য**। ইতোমধ্যে মাননীয় প্রধানমন্ত্রীর দেশব্যাপী **ফ্যামিলি কার্ড, কৃষক কার্ড, নতুন কুঁড়ি স্পোর্টস, নজরুল বর্ষ বরণ**সহ বিভিন্ন উন্নয়ন কার্যক্রমের উদ্বোধন/বিতরণ এবং ভিত্তিপ্রস্তর স্থাপন সংক্রান্ত ভার্চুয়াল অনুষ্ঠানসমূহে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) কর্তৃক বাস্তবায়নাধীন "সরকারের ভিডিও কনফারেন্সিং প্লাটফর্ম শক্তিশালীকরণ (২য় সংশোধিত)" শীর্ষক প্রকল্পের মাধ্যমে ইনডোর ও আউটডোর পর্যায়ে প্রয়োজনীয় কারিগরি সহায়তা প্রদান করা হচ্ছে।

০৩। এমতাবস্থায়, মাননীয় প্রধানমন্ত্রীর ভার্চুয়াল অনুষ্ঠানসমূহে সংযুক্তি এবং সরাসরি সম্প্রচারের ক্ষেত্রে **বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি)-এর নিজস্ব ভিডিও কনফারেন্সিং প্লাটফর্ম ব্যবহারে সকল মন্ত্রণালয়/বিভাগ ও তাঁর আওতাধীন সকল দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তরকে এ বিষয়ে উদ্বুদ্ধ ও অবহিত করার লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।**

০৬-০৯-২০২৬
সাদিয়া আফরোজ
সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)
ফোন : ০২-৪১০২৪০৩৭
ইমেইল : plan2.sec@ictd.gov.bd

সিনিয়র সচিব/সচিব (সকল) মন্ত্রণালয়/বিভাগ।

স্মারক নম্বর: ৫৬.০০.০০০০.০০০.০৪৪.১৪.০২৪৯.২১.৮০/১ (৯)

তারিখ: ২২ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ / ০৬ সেপ্টেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। নির্বাহী পরিচালক, নির্বাহী পরিচালক এর দপ্তর, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল।

২। রেক্টর /মহাপরিচালক/চেয়ারম্যান/নির্বাহী পরিচালক/ব্যবস্থাপনা পরিচালক/প্রধান প্রকৌশলী/পরিচালক(সকল)/অধিদপ্তর/দপ্তর/সংস্থা।

৩। বিভাগীয় কমিশনার (সকল)।

৪। যুগ্মসচিব, পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।

৫। যুগ্মসচিব, পরিকল্পনা অধিশাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।

৬। জেলা প্রশাসক (সকল)।

৭। সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ [সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য]।

৮। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

৯। প্রকল্প পরিচালক/পরিচালক (ভিডিও কনফারেন্স), সরকারের ভিডিও কনফারেন্সিং প্লাটফর্ম শক্তিশালীকরণ প্রকল্প, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল।

০৬-০৯-২০২৬
সাদিয়া আফরোজ
সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)

বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
সরকারের ভিডিও কনফারেন্সিং প্লাটফর্ম শক্তিশালীকরণ
প্রকল্প
www.bcc.gov.bd
আগারগাঁও, ঢাকা (জনপ্রশাসন পদক প্রাপ্ত একটি
প্রতিষ্ঠান)

স্মারক নম্বর: ৫৬.০১.০০০০.০০০.০৪৭.১৮.০০০১.২২.১৮

তারিখ: ১৮ ভাদ্র ১৪৩৩ / ০২ সেপ্টেম্বর ২০২৬

বিষয়: **সরকারের নিজস্ব ভিডিও কনফারেন্সিং প্লাটফর্মের মাধ্যমে মাননীয় প্রধানমন্ত্রীর ভার্চুয়াল অনুষ্ঠানসমূহে সংযুক্তি/সরাসরি সম্প্রচার প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের আওতাধীন বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) কর্তৃক বাস্তবায়নাধীন **"সরকারের ভিডিও কনফারেন্সিং প্লাটফর্ম শক্তিশালীকরণ (২য় সংশোধিত)"** শীর্ষক প্রকল্পের মাধ্যমে মহামান্য রাষ্ট্রপতির কার্যালয়, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়, মন্ত্রিপরিষদ বিভাগসহ দেশের বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ, বিভাগীয় কমিশনারের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয় এবং উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়ে সিকিউরড নেটওয়ার্ক (ইন্ট্রানেট/ইন্টারনেট)-এর মাধ্যমে দেশীয় ও আন্তর্জাতিক ভিডিও কনফারেন্সিং সেবা প্রদান করা হচ্ছে।

২। উক্ত ভিডিও কনফারেন্সিং প্লাটফর্মে **WebRTC/Apps**-এর সুবিধাসহ অনুষ্ঠানসমূহ সরাসরি **Facebook ও YouTube**-এ সম্প্রচারের (Live Streaming) ব্যবস্থা রয়েছে। এ প্লাটফর্মটি সরকারি ব্যবস্থাপনায় পরিচালিত হওয়ায় এটি সরকারের জন্য **ব্যয় সাশ্রয়ী, নিরাপদ ও নির্ভরযোগ্য**।

৩। ইতোমধ্যে মাননীয় প্রধানমন্ত্রীর দেশব্যাপী **ফ্যামিলি কার্ড, কৃষক কার্ড, নতুন কুঁড়ি স্পোর্টস, নজরুল বর্ষ বরণসহ** বিভিন্ন উন্নয়ন কার্যক্রমের উদ্বোধন/বিতরণ এবং ভিত্তিপ্রস্তর স্থাপন সংক্রান্ত ভার্চুয়াল অনুষ্ঠানসমূহে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) কর্তৃক বাস্তবায়নাধীন "সরকারের ভিডিও কনফারেন্সিং প্লাটফর্ম শক্তিশালীকরণ (২য় সংশোধিত)" শীর্ষক প্রকল্পের মাধ্যমে ইনডোর ও আউটডোর পর্যায়ে প্রয়োজনীয় কারিগরি সহায়তা প্রদান করা হচ্ছে।

৪। এমতাবস্থায়, মাননীয় প্রধানমন্ত্রীর ভার্চুয়াল অনুষ্ঠানসমূহে সংযুক্তি এবং সরাসরি সম্প্রচারের ক্ষেত্রে **বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি)-এর নিজস্ব ভিডিও কনফারেন্সিং প্লাটফর্ম ব্যবহারে সকল মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/দপ্তরকে** উদ্বুদ্ধ ও অবহিত করার লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য সবিনয় অনুরোধ করা হলো।

RSMallik
০২-০৯-২০২৬
নাহিদ সুলতানা মল্লিক
নির্বাহী পরিচালক

সচিব
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।

স্মারক নম্বর: ৫৬.০১.০০০০.০০০.০৪৭.১৮.০০০১.২২.১৮/১ (১)

তারিখ: ১৮ ভাদ্র ১৪৩৩ / ০২ সেপ্টেম্বর ২০২৬

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

প্রকল্প পরিচালক/পরিচালক (ভিডিও কনফারেন্স), সরকারের ভিডিও কনফারেন্সিং প্লাটফর্ম শক্তিশালীকরণ প্রকল্প, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল।



০২-০৯-২০২৬
নাহিদ সুলতানা মল্লিক
নির্বাহী পরিচালক